গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা।
www.wewb.gov.bd

নম্বর- ৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৫৫১৪.০৮.(৫৪)- ১৬৭৬

তারিখ: ২৭-১০-১৪২৩ বঙ্গাব্দ
০১-০২-২০১৭ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল/২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক<br>০২ (দুই) জন | টাকা ২২,০০০-৫৩,০৬০<br>(৯ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২. | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>০১ (এক) জন | টাকা ২২,০০০-৫৩,০৬০<br>(৯ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ হিসাবরক্ষণ কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা<br>০২ (দুই) জন | টাকা ১৬,০০০-৩৮,৬৪০<br>(১০ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রীধারী। |
| ৪. | হিসাবরক্ষক<br>০৪ (চার) জন | টাকা ১২,৫০০-৩০,২৩০<br>(১১তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন স্নাতক ডিগ্রী। |
| ৫. | ক্যাশিয়ার<br>০১ (এক) জন | টাকা ৯,৩০০-২২,৪৯০<br>(১৬তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ৬. | কেয়ারটেকার<br>০১ (এক) জন | টাকা ৯,৩০০-২২,৪৯০<br>(১৬তম গ্রেড) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭. | ইলেকট্রিশিয়ান<br>০১ (এক) জন | টাকা ৯,৩০০-২২,৪৯০<br>(১৬তম গ্রেড) | ট্রেড সার্টিফিকেট এবং ৩ বৎসরের অভিজ্ঞতাসহ অন্যূন মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলী :

১. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে।

২. আবেদনপত্রে (১) পদের নাম, (২) প্রার্থীর নাম, (৩) পিতা/স্বামীর নাম, (৪) মাতার নাম, (৫) স্থায়ী ঠিকানা, (৬) বর্তমান ঠিকানা, (৭) নিজ জেলার নাম, (৮) জন্ম তারিখ, (৯) বর্তমান বয়স (০১-০২-২০১৭ তারিখ অনুযায়ী), (১০) জাতীয়তা, (১১) ধর্ম, (১২) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ/শ্রেণি/জিপিএ, বোর্ড/বিশ্ববিদ্যালয় উল্লেখসহ), (১৩) কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে), (১৪) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ড্রাফট নং, তারিখ, ব্যাংকের শাখার নাম উল্লেখসহ), (১৫) জাতীয় পরিচয়পত্রের নম্বর/জন্ম নিবন্ধন সনদপত্রের নম্বর (যদি থাকে), (১৬) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৩. আবেদনপত্র আগামী ১৬-০৩-২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (৯টা থেকে ৫টা) পর্যন্ত পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র এ অফিসে না পৌঁছালে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. আবেদনকারীর বয়স ০১-০২-২০১৭ তারিখে সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা এবং প্রতিবন্ধী কোটায় আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

৫. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার সন্তানাদি মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের কপির সাথে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সনদপত্র সংযুক্ত করতে হবে।

৬. বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা, উপজাতীয়, আনসার-ভিডিপি, এতিমখানা, নিবাসী, প্রতিবন্ধী) আবেদনকারীকে স্ব-স্ব কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে (১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, (৩) প্রার্থীর নিজ জেলার স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (৪) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (৫) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি, (৬) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (৭) বিশেষ কোটায় আবেদনকারীকে কোটার স্ব-পক্ষে সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (৮) সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর (অনাত্মীয়) গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নামযুক্ত সীলসহ) কর্তৃক সত্যায়নপূর্বক দাখিল করতে হবে, (৯) ৫˝×১০˝ সাইজের একটি খামের ডান পার্শ্বে প্রার্থীর নিজ নাম, পদের নাম ও বর্তমান ঠিকানা (প্রবেশপত্র প্রেরণের জন্য) লিখে এবং ১০/- (দশ) টাকা মূল্য মানের ডাকটিকেট সংযুক্ত করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৮. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর অনুকূলে যে কোন তফশীলভুক্ত ব্যাংক থেকে ৯ম ও ১০ম গ্রেড পদের জন্য প্রার্থীকে ৫০০/-(পাঁচ শত) টাকা এবং ১১তম ও ১৬তম গ্রেড পদের জন্য প্রার্থীকে ৩০০/-(তিন শত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৯. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। সঠিক বিবেচিত আবেদনকারীদের যোগাযোগের ঠিকানায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে।

১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. সকল প্রকার মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মূল সনদপত্র/সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য নয়।

১২. অসম্পূর্ণ, ভুল তথ্যপ্রদানকারী, ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এমন কি নিয়োগ প্রাপ্তির পরেও প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন এবং বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. কর্তৃপক্ষ অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. অত্র বিজ্ঞপ্তি (www.wewb.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৬. গত ২৪-০৯-২০১৫ তারিখে স্মারক নং-৪৯.০৪.০০০০.০০৪.১১.১৫৫১৪.০৮ এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য পূর্বের আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৭. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিপালিত হবে।


7-2-2017

(মোঃ নূরুজ্জামান)

উপ-সচিব

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

☎ ০২-৯৩৪৩২৪৭

✉ d.ad@wewb.gov.bd